



এনএসইউতে শিক্ষকদের জন্য বার্নআউট ম্যানেজমেন্ট-সংক্রান্ত কর্মশালা

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে (এনএসইউ) কর্মরত শিক্ষকদের জন্য 'বার্নআউট ম্যানেজমেন্ট : ওয়ার্ক-লাইফ ব্যালান্স' শীর্ষক একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিউরেন্স সেল (আইকিউএএস) ও কাউন্সেলিং অ্যান্ড ওয়েলবিইং সেন্টারের যৌথ উদ্যোগে সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট হলে এ কর্মশালার আয়োজন করা হয়। ক্লিনিক্যাল সাইকোলজিস্ট রুবিনা জাহানের সঞ্চালনায় অনুষ্ঠানে উদ্বোধনী বক্তব্য দেন আইকিউএএস পরিচালক অধ্যাপক হালিমুর আর খান। সমাপনী বক্তব্যে এনএসইউ উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী। কর্মশালায় বিভিন্ন বিভাগের ৩০ জনেরও বেশি শিক্ষক অংশগ্রহণ করেন।